রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২২ সনের ৪২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২০, ২০২২

সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭২১—৭৩৫ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৯—৫০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৫৪৫—১৫৬৪ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০৩—২৩৪ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০৭৩—১০৯৯ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ শ্রাবণ, ১৪২৯/২১ জুলাই, ২০২২

**নং ০৫.০০.০০০০.১৮২.২৭.০০৫.২০-৮৫৫**—যেহেতু, জনাব এস.এম. রাহাতুল ইসলাম (পরিচিতি নম্বর ১৮৪৬৭), প্রাক্তন সহকারী কমিশনার ও এন.ডি.সি., জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম, বর্তমানে সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল-এর বিরুদ্ধে বাংলা ট্রিবিউন এর অনলাইন নিউজ পোর্টালসহ অন্যান্য পত্রিকায় প্রকাশিত সংবাদমতে গত ১৩-০৩-২০২০ খ্রিঃ তারিখ দিবাগত রাতে জনাব এস.এম. রাহাতুল ইসলামসহ তিন জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ১৫-১৬ জন আনসার সদস্য নিয়ে দরজা ভেঙ্গে জনাব আরিফুল ইসলাম এর বাসায় প্রবেশ করেন, এ সময় আরিফুলের বাসায় আধা বোতল মদ ও দেড়শ গ্রাম গাঁজা পাওয়া গেছে বলে দাবি করেন এবং তাকে তুলে নিয়ে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম-এ আনয়নপূর্বক মোবাইল কোর্টের মাধ্যমে ১ (এক) বছরের জেল প্রদান করেন; তার বিরুদ্ধে প্রকাশিত সংবাদের বিষয়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রংপুর তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং বিভাগীয় কমিশনার, রংপুর তদন্ত প্রতিবেদনের সঙ্গে ঐকমত্য পোষণ করেন; সে অনুযায়ী উক্ত ভ্রাম্যমান আদালত/অভিযান এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক যথেচ্ছভাবে পরিচালিত হওয়ায় ক্ষমতার অপব্যবহারসহ প্রশাসনের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়; তিনি অভিযান পরিচালনাকালে এবং পরবর্তীকালে সাংবাদিক জনাব আরিফুল ইসলাম-কে জেলা প্রশাসকের কার্যালয়ে নিয়ে গিয়ে অসৌজন্যমূলক আচরণ করেন; জনাব এস.এম. রাহাতুল ইসলাম অভিযান পরিচালনাকালে সাংবাদিক জনাব আরিফুল ইসলামকে আটক করে কোথায় নিয়ে যাওয়া হচ্ছে এবং শাস্তি প্রদান পরবর্তীকালে গৃহীত ব্যবস্থা সম্পর্কে জেলা প্রশাসনের পক্ষ হতে উর্ধ্বতন কর্তৃপক্ষ/অন্য কাউকে আনুষ্ঠানিকভাবে অবহিত করেননি বিধায় গৃহীত ব্যবস্থা সম্পর্কে ব্যাপক সন্দেহের সৃষ্টি হয়; প্রসিকিউশনপক্ষ তথা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধির অনুপস্থিতি সত্ত্বেও তিনি গভীর রাতে অভিযান পরিচালনা করেন এবং অভিযান পরিচালনা সম্পন্ন হওয়ার দীর্ঘ প্রায় ১৮ ঘণ্টা পর পিছনের তারিখ দিয়ে প্রসিকিউশন পক্ষের স্বাক্ষর গ্রহণ করেন; ফলে তার এ ধরনের কার্যক্রম এ অভিযান পরিচালনাকে প্রশ্নবিদ্ধ করেছে এবং গৃহীত কার্যক্রম আইন সম্মত হয়নি মর্মে প্রতীয়মান হয়; তিনি প্রসিকিউশন পক্ষের অনুপস্থিতি সত্ত্বেও টাস্কফোর্স পরিচালনা করেন এবং জনাব আরিফুল ইসলামকে

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

সাজা প্রদান করেন; এক্ষেত্রে টাস্কফোর্স অভিযান পরিচালিত হয়ে থাকলে নিয়মিত মামলা দায়ের হওয়া বাঞ্ছনীয় ছিল; পক্ষান্তরে গভীর রাতে যথাযথ প্রক্রিয়া ব্যতীত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা বিধি সম্মত হয়নি যার দায়-দায়িত্ব তিনি এড়াতে পারেন না; তার দ্বারা সংঘটিত এ ধরনের কর্মকান্ড সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ এর (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়ন করে তার নিকট প্রেরণ করা হয়; তিনি নির্ধারিত ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত বক্তব্য দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি গ্রহণের জন্য ইচ্ছা পোষণ করেন; এই পরিপ্রেক্ষিতে ২৯-০৭-২০২০ খ্রিঃ তারিখে শুনানি অনুষ্ঠিত হয়; শুনানি অন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩ (তিন) জন কর্মকর্তার সমন্বয়ে তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

২। যেহেতু, তদন্ত বোর্ড তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন; তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তা জনাব এস.এম. রাহাতুল ইসলাম (পরিচিতি নম্বর ১৮৪৬৭)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

৩। যেহেতু, জনাব এস,এম. রাহাতুল ইসলাম (পরিচিতি নম্বর ১৮৪৬৭)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার পরবর্তী বেতন বৃদ্ধির প্রাপ্যতার তারিখ হতে তৎপরবর্তী ৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘু দণ্ড প্রদান করা হয়; পরবর্তীকালে যা বকেয়া বেতন-ভাতা হিসেবে তিনি আর প্রাপ্য হবেন না; এবং

৪। যেহেতু, জনাব এস.এম. রাহাতুল ইসলাম (পরিচিতি নম্বর ১৮৪৬৭) তার উপর আরোপিত উক্ত লঘু দণ্ডাদেশ মওকুফের জন্য গত ২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ তারিখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি সমীপে পুনর্বিবেচনার আবেদন করেন; তার পুনর্বিবেচনার আবেদন সানুগ্রহ বিবেচনার জন্য মহামান্য রাষ্ট্রপতি বরাবর প্রেরণ করা হলে মহামান্য রাষ্ট্রপতি পুনর্বিবেচনার আবেদন সদয় হয়ে না মঞ্জুর করেন; মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক পুনর্বিবেচনার আবেদন না-মঞ্জুর করার বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয়ের শৃঙ্খলা-৩ শাখার ৩১ মার্চ ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৮২.২৭.০০৫.২০-৫১১ নং স্মারক পত্রের মাধ্যমে জনাব এস.এম. রাহাতুল ইসলাম (পরিচিতি নম্বর ১৮৪৬৭) - কে অবহিত করা হয়; এবং

৫। যেহেতু, অতঃপর জনাব এস.এম. রাহাতুল ইসলাম (পরিচিতি নম্বর ১৮৪৬৭), প্রাক্তন সহকারী কমিশনার ও এন.ডি.সি., জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম বর্তমানে সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আরোপিত দণ্ডাদেশ পুনরীক্ষণের জন্য মহামান্য রাষ্ট্রপতি বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন দাখিল করেন; দাখিলকৃত আবেদনটি জেলা প্রশাসক, বরিশাল সুপারিশসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ে প্রেরণ করেন; আবেদনকারী তার আবেদনে একই ঘটনার পরিপ্রেক্ষিতে তৎকালীন জেলা প্রশাসকসহ অপর ৩ (তিন) জন কর্মকর্তার দণ্ডাদেশ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাতিল করে তাদেরকে অব্যাহতি প্রদান করার বিষয়টি উল্লেখ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২৩ অনুযায়ী তার আবেদনটি পুনরীক্ষণপূর্বক তার উপর আরোপিত দণ্ডাদেশ বাতিলক্রমে তাকে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি দানের জন্য আর্জি জানান; এবং

৬। যেহেতু, জনাব এস.এম. রাহাতুল ইসলাম (পরিচিতি নম্বর ১৮৪৬৭)-এর পুনরীক্ষণের আবেদনের বিষয়টি পুনরীক্ষণের নিমিত্ত মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ বিবেচনার জন্য সার-সংক্ষেপ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়; গৃহীত সিদ্ধান্তের আলোকে মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ বিবেচনা ও অনুমোদনের জন্য সার-সংক্ষেপ প্রেরণ করা হলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে সিদ্ধান্ত প্রদান করেছেন যে, "আবেদনকারী একজন নবীন কর্মকর্তা। তাঁর চাকরি এখনো স্থায়ী হয়নি। তাঁর বয়স এবং চাকরিকালের বিষয়টি বিবেচনা করে তাঁকে তাঁর বিরুদ্ধে প্রদত্ত ৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতকরণের লঘুদণ্ড মওকুফ করে তাঁকে অভিযোগের দায় থেকে অব্যাহতি প্রদান করা হল।";

৭। সেহেতু, জনাব এস.এম. রাহাতুল ইসলাম (পরিচিতি নম্বর ১৮৪৬৭), প্রাক্তন সহকারী কমিশনার ও এন.ডি.সি., জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম বর্তমানে সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় মহামান্য রাষ্ট্রপতির সদয় সিদ্ধান্ত অনুযায়ী জনাব এস.এম. রাহাতুল ইসলাম (পরিচিতি নম্বর ১৮৪৬৭)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" "(Misconduct)" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী প্রদত্ত ৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ড মওকুফ করে গত ১১ জানুয়ারি ২০২১ তারিখের ০৫.০০.০০০০. ১৮২.২৭.০০৫.২০-৩৯ নং প্রজ্ঞাপনটি বাতিলপূর্বক তাকে অভিযোগের দায় থেকে অব্যাহতি প্রদান করা হলো।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম আলী আজম**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/১১ আগস্ট ২০২২ খ্রিঃ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-২৮৩**—Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972) এর Article 9(3)(c) অনুযায়ী অর্থ বিভাগের সাবেক সিনিয়র সচিব জনাব মাহবুব আহমেদ-কে বাংলাদেশ ব্যাংক-এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর নিয়োগের চলতি মেয়াদ সমাপনান্তে আরো ৩ (তিন) বছর মেয়াদে পুনঃনিয়োগ প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

**প্রকল্প ব্যবস্থাপনা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১ ভাদ্র ১৪২৯/১৬ আগস্ট ২০২২

**নং ৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০১.১৯.১২০**—সৌদি-বাংলাদেশ ইন্ডাষ্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেষ্টমেন্ট কোম্পানি লিমিটেড (সাবিনকো)-এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের ৪৩, ৪৪, ৪৫ ও ৪৭ নং অনুচ্ছেদের বিধান অনুযায়ী জনাব ফাতিমা ইয়াসমিন, সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত উক্ত কোম্পানির পরিচালনা পর্ষদে পরিচালক ও ডেপুটি চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০১.১৯.১২১**—সৌদি-বাংলাদেশ ইন্ডাষ্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেষ্টমেন্ট কোম্পানি লিমিটেড (সাবিনকো)-এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের ৪৩, ৪৪, ৪৫ ও ৪৭ নং অনুচ্ছেদের বিধান অনুযায়ী জনাব শরিফা খান, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত উক্ত কোম্পানির পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সীমা দত্ত**
সহকারী সচিব।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অধিশাখা-২ (কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯/৮ আগস্ট ২০২২

**নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৪৬.১৯-৬৪**—যেহেতু, আনজুমান আরা ইসলাম (২০০৫৪১), সহকারী কর কমিশনার, কর অঞ্চল-১১, ঢাকা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক ৩৩তম বিসিএস পরীক্ষার মাধ্যমে সুপারিশপ্রাপ্ত হয়ে ০৭-০৮-২০১৪ খ্রিঃ তারিখে চাকরিতে যোগদান করেন; পরবর্তীতে তিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ১০-০৬-২০১৬ খ্রিঃ তারিখ হতে অদ্যাবদি কর্মে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মে অনুপস্থিত থাকায় আনজুমান আরা ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" ও ৩(গ) অনুযায়ী "পলায়ন" (Desertion) এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; বিভাগীয় মামলার অভিযোগ বিবরণী ও অভিযোগনামার পরিপ্রেক্ষিতে আনজুমান আরা ইসলাম নির্ধারিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনে কোনো লিখিত বক্তব্য প্রদান করেননি;

যেহেতু, আনজুমান আরা ইসলাম এর বিরুদ্ধে আনিত "অসদাচরণ" ও "পলায়ন" অভিযোগ তদন্তের জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে আনজুমান আরা ইসলাম এর বিরুদ্ধে আনিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে আনজুমান আরা ইসলাম-কে দোষী সাব্যস্ত করে কেন তাকে "চাকরি হতে অপসারণ" করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়; দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের প্রতি উত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে তিনি সন্তোষজনক জবাব প্রদান করতে ব্যর্থ হন;

যেহেতু, আনজুমান আরা ইসলাম এর বিরুদ্ধে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর পরামর্শ চাওয়া হলে কমিশন তাকে "চাকরি হতে অপসারণ" দণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু, আনজুমান আরা ইসলাম-কে সরকারি "চাকরি হতে অপসারণ" করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, আনজুমান আরা ইসলাম, সহকারী কর কমিশনার, কর অঞ্চল-১১, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(১)(গ) মোতাবেক সরকারি চাকরি থেকে ০৮-০৮-২০২২ খ্রিঃ তারিখ হতে অপসারণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

**অর্থ বিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১ ভাদ্র ১৪২৯/১৬ আগস্ট ২০২২

**নং ০৭.০০.০০০০.০৮২.২৭.০০৩.২০.৪২৮**—যেহেতু, বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের অতিরিক্ত উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রিজার্ভ) জনাব মোঃ নজরুল ইসলাম (পরিচিতি নম্বর ০০১-০০১-১৯৬) কানাডায় বসবাসরত আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাৎ ও পারিবারিক অনুষ্ঠানে অংশগ্রহণের উদ্দেশ্যে বহিঃবাংলাদেশ ছুটির আবেদন করলে গত ১০-০৪-২০১০ হতে ২৪-০৪-২০১০ তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিনের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয় এবং বহিঃবাংলাদেশ ছুটিতে থাকাকালীন গত ১৭-০৪-২০১০ তারিখে ফ্যাক্স বার্তার মাধ্যমে তিনি তাঁর ছুটির মেয়াদ ৪ মাস বৃদ্ধির জন্য আবেদন করেন;

যেহেতু, দেশে প্রত্যাবর্তনপূর্বক আবেদন না করায় সিএজি কার্যালয় হতে আবেদনটি না-মঞ্জুর করে তাঁকে অবিলম্বে কর্মস্থলে যোগদানের নির্দেশনা প্রদান করে ডাকযোগে ও ই-মেইলে পত্র প্রেরণ করা হয় এবং এরপরও দেশে ফিরে এসে কর্মস্থলে যোগদান না করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করার পর এক দশক অতিক্রান্ত হলেও অভিযুক্ত জনাব মোঃ নজরুল ইসলাম অভিযোগনামার জবাব প্রদান কিংবা ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেননি;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪ এর ৩(ঘ) মোতাবেক জনাব মোঃ নজরুল ইসলামকে চাকরি হতে বরখাস্তকরণের গুরুদণ্ড প্রদানের জন্য অর্থ বিভাগের যুগ্মসচিব জনাব মুন্সী আবদুল আহাদকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, প্রাসঙ্গিক সকল বিষয় ও প্রমাণিত অপরাধের গুরুত্ব ইত্যাদি সার্বিক বিষয় বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ নজরুল ইসলাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) এবং ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী দ্বিতীয় কারণ-দর্শানোর নোটিশ তাঁর স্থায়ী ঠিকানায় ও ব্যক্তিগত ই-মেইলে জারি করা হয়। বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব প্রদানের বাধ্যবাধকতা থাকলেও তিনি তা না করায় একই বিধিমালার বিধি ৭(১০) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯-এর ৬ নং অনুচ্ছেদ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কমিশন এ বিষয়ে একমত পোষণ করে;

সেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত, বিভাগীয় মামলার সকল বিধিবিধান ও প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়েছে এবং মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ নজরুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) এবং ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর ৩(ঘ) মোতাবেক তাঁকে 'চাকরি হতে "বরখাস্তকরণ" সূচক "গুরুদণ্ড" প্রদানের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি গ্রহণ করা হয়;

যেহেতু, বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের অতিরিক্ত উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রিজার্ভ) জনাব মোঃ নজরুল ইসলাম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর ৩(ঘ) অনুযায়ী সরকারি চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service) গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাতিমা ইয়াসমিন**
সিনিয়র সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/১৪ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার তারাব পৌরসভায় কর্মরত নিকাহ্ রেজিস্ট্রার জনাব বেলায়েত হোসেন ভূইয়াকে উক্ত পৌরসভার ৪ ও ৬ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার হিসেবে গণ্যকরণ প্রসঙ্গে।**

**নং বিচার-৭/২-এন-১০/৯৫-২১৬**—উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেলা রেজিস্ট্রার, নারায়ণগঞ্জ এর প্রতিবেদনের আলোকে নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার তারাব পৌরসভাটি 'খ' শ্রেণি হতে 'ক' শ্রেণিতে উন্নীত হওয়ায় এবং তারাব পৌরসভায় কর্মরত নিকাহ্ রেজিস্ট্রার জনাব বেলায়েত হোসেন ভূইয়া এর বিগত ২৬-০৪-২০২২ খ্রিঃ তারিখের আবেদনটি মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১৩(খ) এর পরিপন্থি হওয়ায় তা নামঞ্জুরপূর্বক বিধি অনুযায়ী বর্তমানে কর্মরত নিকাহ রেজিস্ট্রার জনাব বেলায়েত হোসেন ভূইয়া-কে উক্ত পৌরসভার ৪ ও ৬ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা হলো।

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**আদেশ**

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

**নং বিচার-৭/২-এন-২২/২০১২-২১০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ আবু তোরাব, জন্ম তারিখ: ০৫-০২-১৯৯০ খ্রিঃ, পিতা: মোঃ মাফুজুল করিম, মাতা: ডালিয়া, গ্রাম: দক্ষিণ এখলাশপুর, ওয়ার্ড নং-০১, ডাকঘর: এখলাশপুর, উপজেলা: মতলব উত্তর, জেলা: চাঁদপুর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলার ৮নং এখলাশপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**(উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯/০২ আগস্ট ২০২২

**নং ৫৬.০০.০০০০.০৫২.০৬.০০১.১৭.২৯**—"তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬" এর ১২(ক) এবং ১৯.১ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুযায়ী এ বিভাগের গত ৩০-১০-২০২১ তারিখের ৫৬.০০.০০০০.০৫২.০৬.০০১.১৭.১৬ নম্বরে জারিকৃত "ফেলো নির্বাচন ও উদ্ভাবনীমূলক প্রকল্প বাছাই কমিটি" নিম্নরূপ পুনর্গঠন করা হল :

**আহ্বায়ক**

১। অতিরিক্ত সচিব (আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ), আইসিটি বিভাগ।

**সদস্যবৃন্দ**

২। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর পরিচালক পর্যায়ের ১ জন উপযুক্ত প্রতিনিধি।

৩। ড. মোঃ সাইফুল ইসলাম, অধ্যাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইনস্টিটিউট, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।

৪। ড. মোঃ আব্দুর রাজ্জাক, অধ্যাপক, সিএসই বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৫। ড. এম. রোকনুজ্জামান, অধ্যাপক, ইসিই বিভাগ, নর্থ সাউথ ইউনিভার্সিটি।

৬। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এর ১ জন উপযুক্ত প্রতিনিধি।

৭। এটুআই প্রকল্প এর ১ জন উপযুক্ত প্রতিনিধি।

৮। প্রধানমন্ত্রীর কার্যালয়ের জিআইইউ এর ১ জন উপযুক্ত প্রতিনিধি।

৯। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর ১ জন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব পর্যায়ের) ।

১০। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর ১ জন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব পর্যায়ের) ।

১১। আইসিটি অধিদপ্তর এর ১ জন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব পর্যায়ের) ।

১২। জনাব আরিফুল হাসান অপু, প্রতিষ্ঠাতা, বাংলাদেশ ইনোভেশন ফোরাম (আইসিটি ইন্ডাস্ট্রির প্রতিনিধি হিসেবে) ।

১৩। ড. লাফিফা জামাল, সহ-সভাপতি Bangladesh Open Source Network (BdOSN) ।

১৪। ড. আবু সাঈদ মোঃ লতিফুল হক, অধ্যাপক, সিএসই বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বিয়ষবস্তু বিশেষজ্ঞ) ।

১৫। ড. মোঃ মামুনুর রশিদ, অধ্যাপক, সিএসই বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিষয়বস্তু বিশেষজ্ঞ) ।

**সদস্য-সচিব**

১৬। যুগ্মসচিব (হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অধিশাখা), আইসিটি বিভাগ।

**কমিটির কার্য পরিধি :**

বাছাই কমিটি সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীদের দাখিলকৃত আবেদনপত্র যাচাই, বাজেট পরীক্ষাকরণ, তুলনামূলক বিবরণী প্রস্তুত, দ্বৈততা পরীক্ষাকরণ, সাক্ষাৎকার/উপস্থাপনা গ্রহণ, প্রয়োজনে প্রজেক্ট পরিদর্শন/মূল্যায়নপূর্বক ফেলোশিপ/অনুদান প্রদানের জন্য প্রার্থী নির্বাচন করবে। কমিটি বাছাইকৃত প্রার্থীদের তালিকা প্রস্তুত করে এওয়ার্ড কমিটির নিকট অনুমোদনের জন্য পেশ করবে। বাছাই কমিটি প্রয়োজনবোধে বিষয়বস্তু বিশেষজ্ঞ সদস্যের সমন্বয়ে একটি সাব কমিটি গঠন করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাকির হোসেন বাচ্চু**
উপসচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ-২ অধিশাখা**

**কেস নম্বর এল.এ (সাধারণ) ৬০/৫৯-৬০**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[৫(৭) ধারা মোতাবেক]**

যেহেতু নিম্নের তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৫-১১-১৯৬০ খ্রিঃ আদেশ দ্বারা হুকুমদখল করা হয়েছে;

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নের তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

মৌজা: গোয়ালপাড়া, জে.এল. নং ১৪, থানা: দৌলতপুর, জেলা: খুলনা।

| দাগ নম্বর (সি.এস) | দাগে হুকুমদখলকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|
| ২৩৩৮ | ০.০২ |
| ২৩৩৯ | ০.০৭ |
| ২৩৪০ | ০.০২ |
| ২৩৪১ | ০.২৬ |
| ২৩৪২ | ০.০৮ |
| ২৩৪৪ | ০.২৬ |
| ২৩৪৫ | ০.১৪ |
| ২৩৪৬ | ০.১৪ |
| ২৩৪৭ | ০.১১ |
| ২৩৪৮ | ০.০৬ |
| ২৪২০ | ০.০৫ |
| ২৪২১ | ০.১৮ |
| ২৪২২ | ০.২১ |
| ২৪২৩ | ০.২৬ |
| ২৪২৪ | ০.৩৬ |
| ২৪২৫ | ০.৪০ |
| ২৪২৬ | ০.৪৫ |
| ২৪২৭ | ০.১৪ |
| ২৪২৮ | ০.১৪ |
| ২৪২৯ | ০.১০ |

| দাগ নম্বর (সি.এস) | দাগে হুকুমদখলকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|
| ২৪৩৩ | ০.০১ |
| ২৪৩৪ | ০.২৬ |
| ২৪৩৫ | ০.২২ |
| ২৪৩৬ | ০.২১ |
| ২৪৩৭ | ০.১৯ |
| ২৪৩৮ | ০.১০ |
| ২৪৩৯ | ০.৪৭ |
| ২৫২৪ | ০.১২ |
| ২৫২৫ | ০.৪৮ |
| ২৫২৬ | ০.৪৫ |
| ২৫২৭ | ০.২৬ |
| ২৫২৮ | ০.২৭ |
| ২৫২৯ | ০.৪৪ |
| ২৫৩০ | ০.৬৩ |
| ২৫৩১ | ০.৩০ |
| ২৫৩২ | ০.৫১ |
| ২৫৩৩ | ০.১১ |
| ২৫৩৪ | ০.০৯ |
| ২৫৩৫ | ০.৪৫ |
| ২৫৩৬ | ০.২৪ |
| ২৫৩৭ | ০.১৮ |
| ২৫৩৮ | ০.২০ |
| ২৫৩৯ | ০.১১ |
| ২৫৪০ | ০.১৫ |
| ২৭৯১ | ০.১৮ |
| ২৭৯২ | ০.২৬ |
| ২৭৯৩ | ০.০৩ |
| ২৮০০ | ০.২২ |
| ২৮০১ | ০.৩২ |
| ২৮০২ | ০.২০ |
| ২৮০৩ | ০.০৭ |
| ২৮০৪ | ০.০৬ |
| ২৮০৫ | ০.২৩ |
| ২৮০৬ | ০.২১ |
| ২৪৪০ | ১.৩৪ |
| ২৪৪১ | ০.২৬ |
| ২৪৪২ | ০.৫৪ |
| ২৪৪৩ | ০.০৩ |
| ২৪৪৪ | ০.০৩ |
| ২৪৪৫ | ০.৬৮ |

| দাগ নম্বর (সি.এস) | দাগে হুকুমদখলকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|
| ২৪৪৬ | ০.০৪ |
| ২৪৪৭ | ০.২৮ |
| ২৪৪৯ | ০.২৪ |
| ২৪৫০ | ০.০১ |
| ২৪৫২ | ০.৩২ |
| ২৪৫৪ | ০.১১ |
| ২৪৫৫ | ০.২৩ |
| ২৪৫৬ | ০.২৫ |
| ২৪৫৭ | ০.৪৫ |
| ২৪৫৮ | ০.২২ |
| ২৪৫৯ | ০.০২ |
| ২৫০২ | ০.১৫ |
| ২৫০৩ | ০.২৪ |
| ২৫০৪ | ০.৪৭ |
| ২৫০৫ | ০.০৭ |
| ২৫০৬ | ০.১৮ |
| ২৫০৭ | ০.১১ |
| ২৫০৮ | ০.২১ |
| ২৫০৯ | ০.১০ |
| ২৫১০ | ০.০২ |
| ২৫১১ | ০.০৩ |
| ২৫১২ | ০.২৯ |
| ২৫১৩ | ০.৭০ |
| ২৫১৪ | ০.১৪ |
| ২৫১৫ | ০.৪৪ |
| ২৫১৬ | ০.২২ |
| ২৫১৮ | ০.১০ |
| ২৫১৯ | ০.৯৬ |
| ২৮০৭ | ০.১৭ |
| ২৮০৮ | ০.০৮ |
| ২৮০৯ | ০.২১ |
| ২৮১০ | ০.৩৫ |
| ২৮১১ | ০.৬৪ |
| ২৮১২ | ০.২৭ |
| ২৮১৩ | ০.২৪ |
| ২৮১৪ | ০.১৭ |
| ২৮১৫ | ০.১৭ |
| ২৮১৬ | ০.১৫ |

| দাগ নম্বর (সি.এস) | দাগে হুকুমদখলকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|
| ২৮১৭ | ০.১৮ |
| ২৮১৮ | ০.২২ |
| ২৮১৯ | ০.২২ |
| ২৮২০ | ০.০৪ |
| ২৮২১ | ০.০৪ |
| ২৯০৪ | ০.২১ |
| ২৯০৫ | ০.১৮ |
| ২৯০৬ | ০.৫৮ |
| ২৯০৭ | ০.১৮ |
| ২৯০৮ | ০.০৩ |
| ২৯১০ | ০.১১ |
| ২৯১১ | ০.১৯ |
| ২৯১৫ | ০.০২ |
| ২৯৩৪ | ০.৪১ |

| দাগ নম্বর (সি.এস) | দাগে হুকুমদখলকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|
| ২৯৩৫ | ০.০৩ |
| ২৯৩৬ | ০.১৫ |
| ২৯৩৭ | ০.১৬ |
| ৩৩৩১ | ০.০১ |
| ৩৩৩৪ | ০.০৮ |
| ৩৩৩৫ | ০.০৪ |
| ৩৩৩৬ | ০.২৭ |
| ৩৩৩৭ | ০.১৫ |
| ৩৩৪৫ | ০.০১ |
| ৩৩৪৬ | ০.০৩ |

মোট হুকুম দখলকৃত জমির পরিমাণ ২৭.১৫ একর।

**কবীর মাহমুদ**
উপসচিব।

---

**জরিপ অধিশাখা-২**
**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: ১২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ/২৬ জুন ২০২২ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০২.১৫(অংশ-১).১৮২**—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisition And Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গত ০৯-০২-২০১৬ তারিখে ৩১.০০.০০০০.০৪৯.৩৪.০৩৫.১৩.৪০ নম্বর স্মারকাদেশে জারিকৃত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করে ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলার ২৫ (পঁচিশ) টি মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হল:

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | এরিয়া (একরে) | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | কলাতিয়া | ০৬ | ২৪১.৮৭ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ২ | আকচাইল | ০৮ | ৫০১.২৬ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ৩ | নতুনচর | ০৯ | ২২৫.৩৪ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ৪ | ভান্ডারখোলা | ১৩ | ৬৪৮.৩০ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ৫ | বেলনা | ১৪ | ৬৪৬.৬১ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ৬ | আহাদিপুর | ১৫ | ৮৩৪.০৯ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ৭ | নজিরপুর | ১৬ | ৯৭.৯৬ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ৮ | ফতে নগর | ১৮ | ১২৬.২৪ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ৯ | বারিলগাঁও | ২১ | ৫২৯.৯৩ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ১০ | কাঁশারিয়া | ২৮ | ২১২.২১ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ১১ | তারা নগর | ২৯ | ৩২১.৪৯ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ১২ | রায়তা | ৩০ | ৮৫.৫৪ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ১৩ | সিয়ালি | ৩১ | ১৩৯.৭২ | কেরাণীগঞ্জ | ঢাকা |

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | এরিয়া (একরে) | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১৪ | চন্ডীপুর | ৩৪ | ১৮৬.৮৭ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ১৫ | উল্টা | ৩৫ | ১৭২.৬৫ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ১৬ | ছোট মনোহারিয়া | ৩৬ | ৭২.৪০ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ১৭ | বড় জয়নগর | ৩৮ | ১৩০.৬২ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ১৮ | আটি | ৪৩ | ৯৯৯.০৫ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ১৯ | গোপপাড় | ৭৮ | ৩৭৩.৪২ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ২০ | ডাকপাড়া | ৭৯ | ৬৭.২৩ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ২১ | চুনকুটিয়া | ৮৪ | ৬০৫.০৯ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ২২ | সুভড্যা | ৮৫ | ১১৫১.২৫ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ২৩ | তেঘরিয়া | ৯১ | ৪৪৪.৯২ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ২৪ | ইকরিয়া | ৯২ | ৩১৯.০৩ | কেরাণীগঞ্জ | ঢাকা |
| ২৫ | বেয়ারা | ৯৪ | ৬১৯.৫১ | কেরাণীগঞ্জ | ঢাকা |

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/০৮ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪.১৯.২৪৭**—মহামান্য হাইকোর্টের ২৭-০৭-২০২২ তারিখের রিট পিটিশন নম্বর ৭৪৬৬/২২ এর আদেশের পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের গত ১৯-০৭-২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.২২৯ নম্বর স্মারকমূলে প্রকাশিত প্রজ্ঞাপনের ০৩ নম্বর ক্রমিকে উল্লিখিত লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলার চর হাসন হোসেন মৌজার চূড়ান্ত স্বত্বলিপির গেজেট বিজ্ঞপ্তির সংশ্লিষ্ট অংশটুকু এতদ্বারা স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চিত্রা শিকারী**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/০৮ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৬০.১১.০১০.২০.৪৩২**—বাংলাদেশ নৌ বাহিনীর লেঃ কমান্ডার মারুফ হোসাইন অনিক, (ট্যাজ), বিএন (পি নং ২৭১৪)-কে নৌ বাহিনী অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা ১৭(১) এবং নৌ বাহিনী প্রবিধান, ১৯৮১ এর অনুচ্ছেদ ০৮০১(এফ) অনুযায়ী প্রশাসনিক আদেশে বাংলাদেশ নৌ বাহিনীর চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Naval Service) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাজমুল হক**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা**

**পরিপত্র**

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/০৭ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

**নং ৪৫.০০.০০০০.১৬০.১১৪.০০৯.২০১৫.৩২২**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ, তা নিরসন এবং স্বাস্থ্য সেবার সার্বিক মান বৃদ্ধিকল্পে দেশের সকল পর্যায়ের সরকারি হাসপাতাল-সমূহের পরিচালক/তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিতভাবে নিম্ন বর্ণিত কার্যক্রম গ্রহণ, পরিবীক্ষণ ও অবহিতকরণের নিমিত্ত নির্দেশনা প্রদান করা হল:

১। **হাসপাতালের অবকাঠামো সংক্রান্ত:**

১.১ সার্বিক ভৌত অবকাঠামোর নিয়মিত পরিচর্যা করা;

১.২ ভবনের অভ্যন্তরীণ ও বাহ্যিক রং মেরামত ও সংস্কার করে দৃষ্টিনন্দন রাখা;

১.৩ হাসপাতালের ওয়ার্ড, কেবিন, দরজা, জানালা, মেঝে, দেওয়াল, টয়লেট, ভবনের ছাদ, বেলকনি নিয়মিত পরিষ্কার করা;

১.৪ হাসপাতালের ফ্যান, লাইট, এসি, কম্পিউটার ১০০% চালু রাখার ব্যবস্থা করা;

১.৫ হাসপাতালের গ্যাস, পানি, সুয়্যারেজ লাইন কার্যকরী রাখা;

১.৬ হাসপাতালের সাইনবোর্ড/নিয়নসাইন পরিচ্ছন্ন এবং রাত্রিকালীন নিয়নসাইনসমূহ চালু রাখা;

১.৭ হাসপাতালের প্রবেশ পথ, বহিরাঙ্গন, সীমানা প্রাচীরের পরিচ্ছন্নতা নিশ্চিত করা;

১.৮ দৃশ্যমান অপ্রয়োজনীয় পোস্টার/দেওয়াল লিখন পরিষ্কার করা;

১.৯ হাসপাতালের অগ্নি নির্বাপক ব্যবস্থাপনা চালু রাখা;

১.১০ হাসপাতাল প্রাঙ্গণে অবৈধ স্থাপনা উচ্ছেদ করা;

১.১১ পরিত্যক্ত মালামাল ও জঞ্জাল বিধি অনুযায়ী নিষ্পত্তি করা;

১.১২ ভূমি উন্নয়ন কর, বিদ্যুৎ বিল, টেলিফোন বিল, পৌরকর নিয়মিত পরিশোধ করা;

১.১৩ হাসপাতালের রোগীদের খাবার ও রান্নাঘরের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা;

১.১৪ হাসপাতালের অভ্যন্তরের ও চত্বরের যত্রযত্র ময়লা আবর্জনা পরিষ্কার করাসহ মেডিকেল বর্জ্যসমূহের যথাযথ ডিসপোজ করা;

২। **জনবল ব্যবস্থাপনা সংক্রান্তঃ**

২.১ হাসপাতালের ডাক্তার, নার্সসহ সকল প্রকার জনবলের যথা সময়ে হাসপাতালে উপস্থিতি ও অবস্থান নিশ্চিত করা;

২.২ জনবলের উপস্থিতি নিশ্চিতকরণের প্রমাণক হিসেবে ডিজিটাল হাজিরা মেশিন ব্যবহার করা;

২.৩ আউটডোর ও ইনডোর এ রোগী দেখার জন্য জনবলের সুসম বণ্টন ও রোস্টার করা;

২.৪ অপ্রয়োজনে ছুটি গ্রহণ/প্রদান পরিহার করা;

২.৫ ডাক্তার, নার্স ও অন্যান্য সকলের হাসপাতালে অবস্থানকালীন সময়ে নির্ধারিত পোশাক পরিধান নিশ্চিত করা;

২.৬ আউটসোর্সিং জনবলের উপস্থিতি এবং যথাযথ কাজে ব্যবহার নিশ্চিত করা;

২.৭ গুরুত্বপূর্ণ কোনো পদ শূন্য হলে তা পূরণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা এবং বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত যোগাযোগ অব্যাহত রাখা;

২.৮ হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠাসমূহের সেবার মান প্রত্যাশিত পর্যায়ে উন্নীতকরণে জনবলের চাহিদা নিরূপণ, চাহিদা অনুযায়ী জনবলের বিদ্যমান পদ পূরণ ও নতুন পদ সৃজনের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা;

২.৯ নিয়মিত পদোন্নতি চলমান রাখতে বিদ্যমান কোনো আইন/বিধির সংশোধন/পরিমার্জন প্রয়োজন হলে এই কমিটি তা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ করা;

৩। **হাসপাতালের যন্ত্রপাতি ও যানবাহন সংক্রান্তঃ**

৩.১ হাসপাতালের সকল প্রকার মেশিন/যন্ত্রপাতি ও যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করা;

৩.২ কোনো যন্ত্রপাতি নষ্ট হলে তা দ্রুত মেরামত করার কার্যকরী উদ্যোগ গ্রহণ করা এবং মেরামত না হওয়া পর্যন্ত বিষয়টিতে লেগে থাকা;

৩.৩ কোনো যন্ত্রপাতি বা মেশিন মেরামতযোগ্য না হলে তা অকেজো ঘোষণার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা;

৩.৪ নতুন প্রাপ্ত কোনো যন্ত্রপাতি বা মেশিন স্থাপন না করে দীর্ঘদিন বাক্সবন্দি না রাখা। কোনো যন্ত্রপাতি বা মেশিন প্রয়োজন না হলে তা কর্তৃপক্ষ-কে অবহিত করে অন্য কোনো হাসপাতালে স্থাপনের ব্যবস্থা করা;

৩.৫ প্রয়োজনীয় যন্ত্রপাতি বা মেশিনের চাহিদা বছরের শুরুতে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করা;

৩.৬ হাসপাতালের এম্বুল্যান্সসহ অন্যান্য যানবাহন সার্বক্ষণিক সচল রাখার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা। যানবাহনগুলো যথাসময়ে মেরামত সম্পন্ন করা;

৪। **ওষুধ, পথ্য ও এমএসআর সামগ্রী সংক্রান্তঃ**

৪.১ ইডিসিএল থেকে ওষুধ ক্রয়ের বরাদ্দকৃত অর্থ দিয়ে যথা সময়ে ইডিসিএস থেকে ওষুধ সংগ্রহ করা;

৪.২ ইডিসিএল এর তালিকাভুক্ত কোনো ওষুধ ইডিসিএল সরবরাহ করতে সক্ষম না হলে অনাপত্তি গ্রহণ করে পিপিআর, ২০০৮ ও পিপিএ, ২০০৬ অনুসরণসহ আর্থিক বিধি-বিধান অনুসরণ করে তা ক্রয় নিশ্চিত করা;

৪.৩ অন্যান্য এমএসআর সামগ্রী বছরের শুরুতে চাহিদা নিরূপণ, বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত করে HOPE (Head Of Procuting Entity) এর অনুমোদন নিয়ে পিপিআর, ২০০৮ ও পিপিএ, ২০০৬ অনুসরণসহ আর্থিক বিধি-বিধান অনুসরণ করে তা ক্রয় নিশ্চিত করা;

৪.৪ হাসপাতালের রোগীদের খাবার ও পথ্য সামগ্রী সরবরাহ বিষয়ে ঠিকাদার নিয়োগ পূর্ববর্তী চুক্তি শেষ হবার যথেষ্ট সময় পূর্বে সম্পন্ন করা। এ বিষয়ে কোনো শৈথিল্য কোনোভাবেই গ্রহণযোগ্য হবে না;

৪.৫ স্টোর ব্যবস্থাপনা পর্যালোচনা এবং হাসপাতালের মনোহরী সামগ্রী, ওষুদপত্র মজুদ পরিস্থিতি পাক্ষিক/মাসিক ভিত্তিতে পর্যালোচনা করা। ওষুধের মেয়াদের মধ্যে ওষুধ ব্যবহার নিশ্চিত করা এবং এ সংক্রান্ত কোনো সমস্যা থাকলে চিহ্নিত করে সমাধানের ব্যবস্থা নেয়া;

৪.৬ রোগীদের খাবারের যথাযথ মান নিশ্চিত করা;

৫. **সাধারণ প্রশাসন সংক্রান্তঃ**

৫.১ হাসপাতালে ভর্তিকৃত রোগীদের সাথে এক জনের বেশি এটেন্ডেন্ট অবস্থান করার অনুমতি না দেওয়া এবং বিষয়টি নিশ্চিত করতে মনিটরিং টিম গঠন করা;

৫.২ একইভাবে হাসপতালে ডাক্তারগণের অবস্থানকালে মেডিকেল রিপ্রেজেন্টেটিভগণের আগমন ও অবস্থান নিয়ন্ত্রণ করা;

৫.৩ হাসপাতালের Supply Chain Management Platform (Includingmedical equipments, heavy instruments etc.) নিশ্চিত করা;

৫.৪ ঔষধের প্রয়োজনীয় সরবরাহ নিশ্চিত করা এবং কোনো ওষুধ মেয়াদ উত্তীর্ণ না হওয়ার বিষয়টি নিশ্চিত করাসহ সরবরাহকৃত ঔষধের সঠিক ব্যবহার নিশ্চিত করা;

৫.৬ হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা মিয়মিত আয়োজন করা এবং সভার আইনানুগ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা;

৫.৭ স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস এর সাথে নিবিড় যোগাযোগ রেখে চাহিত তথ্য ও প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করা। এ সংক্রান্ত দৈনন্দিন প্রতিবেদন অনলাইনে ছক অনুযায়ী প্রেরণ নিশ্চিত করা;

৫.৮ হাসপাতাল ব্যবস্থাপনার উৎকর্ষতা সাধনের লক্ষ্যে বর্ণিত নির্দেশনাসমূহ দক্ষতার সাথে বাস্তবায়নের জন্য বিষয়ভিত্তিক প্রয়োজন অনুযায়ী অভ্যন্তরীণ কমিটি গঠন করা;

৫.৯ উক্ত গঠিত কমিটির কার্যক্রম সমন্বয় ও মনিটরিং এর জন্য পাক্ষিক বা মাসিক সভার আয়োজন করা;

৫.১০ স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধির সাথে সুসম্পর্ক রেখে ছোট খাটো সমস্যা স্থানীয়ভাবে সমাধানের উদ্যোগ নেওয়া;

৬। **নির্মাণ ও সংস্কার সংক্রান্তঃ**

৬.১ হাসপাতালের চলমান উন্নয়ন প্রকল্পসমূহের কার্যক্রম মনিটরিং করা এবং কোনো সমস্যা পরিলক্ষিত হলে তা সাথে সাথে যথাযথ কর্তৃপক্ষকে মৌখিক ও লিখিতভাবে অবহিত করা;

৬.২ যে সকল প্রকল্প ও স্বাস্থ্য স্থাপনার নির্মাণ ও সংস্কার কাজ সমাপ্ত হয়েছে, কিন্তু প্রাতিষ্ঠানিক কার্যক্রম চালু হয়নি সে সব কাজ দ্রুত চালুর উদ্যোগ নেওয়া;

৬.৩ হাসপতালের কোনো অবকাঠামোগত উন্নয়, মেরামত, সংস্কার প্রয়োজন হলে তা বছরের শুরুতে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা;

৬.৪ নবনির্মিত ও সংস্কারকৃত বা মেরামতকৃত অবকাঠামোর যথাযথ রক্ষণাবেক্ষণ ও ব্যবহার নিশ্চিত করা;

৭. **হাসপাতালের সেবা সংক্রান্তঃ**

৭১ হাসপাতালে আগত রোগীদের সেবা প্রদানের ক্ষেত্রে ডাক্তার, নার্স, আয়া, পরিচ্ছন্নতা কর্মীসহ সকলের সর্বোচ্চ আন্তরিকতা প্রদর্শন করা;

৭.২ যে সকল পরীক্ষা (টেস্ট) হাসপাতালে করা সম্ভব তা হাসপাতাল ল্যাবে সম্পন্ন করা;

৭.৩ হাসপাতাল ক্যাম্পাস, ভবন, ওয়ার্ডে বা অন্য কোথাও কোনো দালাল পরিলক্ষিত হলে সাথে সাথে আইনি ব্যবস্থা গ্রহণ করা;

৭.৪ হাসপাতালে আগত ও চিকিৎসারত রোগীদের ওষুধ যতদূর সম্ভব হাসপাতাল থেকে সরবরাহ করা। হাসপাতালের খাট, রোগীর টেবিল ইত্যাদি আসবাবপত্র নিয়মিত রং করা;

৭.৫ বিছানার চাদর যতদূর সম্ভব নতুন এবং পরিষ্কার পরিচ্ছন্ন থাকতে হবে; কোনোভাবেই মলিন, রং নষ্ট হওয়া চাদর ব্যবহার করা যাবে না;

৭.৬ বিছানায় রোগী ব্যতীত অন্য কাউকে বসতে বা শুইতে দেওয়া যাবে না;

৭.৭ রোগীর খাবারের থাল, গ্লাস, মগ পানির বোতল ইত্যাদি পরিষ্কার ও মান সম্মত হতে হবে;

৭.৮ রোগীকে রিলিজ কিংবা রেফার করার সময় ব্যবস্থাপত্রসহ আনুষঙ্গিক রিপোর্ট, কাগজপত্র ইত্যাদি ভালভাবে বুঝিয়ে দিতে হবে;

৭.৯ হাসপাতালে শয্যার চেয়ে রোগীর সংখ্যা বেশি হলে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে শয্যা বা কেবিন বরাদ্দ করা;

৭.১০ সরকারি এম্বুলেন্স ব্যবহারের ক্ষেত্রে কোনোভাবেই সরকারিভাবে নির্ধারিত অর্থের চেয়ে অধিক অর্থ আদায় করা যাবে না;

৮। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হল। ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ রোকন উদ্দিন**
উপসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯/০৭ আগস্ট ২০২২

**নং ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৭.২১-২৭১**—যেহেতু, ডাঃ পলাশ সরকার, পিএএ, (গ্রেডেশন নং ১৬৩২), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ঝালকাঠি সদর, ঝালকাঠি (প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা)-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে গত

১৭-১১-২০২১ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৭.২১.৩১২ সংখ্যক পত্রে বিভাগীয় মামলা নং ০৬/২০২১ রুজু করে কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ পলাশ সরকার, পিএএ, রুজুকৃত বিভাগীয় মামলায় কারন দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানি চাওয়ায় গত ২০-১২-২০২১ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং ব্যক্তিগত শুনানিতে তাঁর প্রদত্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিবকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা গত ০৭-০৪-২০২২ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে ডাঃ পলাশ সরকার, পিএএ, (গ্রেডেশন নং ১৬৩২) এর বিরুদ্ধে আনিত অভিযোগ সত্য মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তাকে তাঁর বিরুদ্ধে আনিত অসদাচরণের অভিযোগে দোষী সাবস্ত্য করে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রস্তাবিত দণ্ড কেন আরোপ করা হবে না সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) মোতাবেক গত ০৮-০৬-২০২২ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৭.২১-২০২ সংখ্যক পত্রে দ্বিতীয় কারণ-দর্শানো হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ পলাশ সরকার, পিএএ, (গ্রেডেশন নং ১৬৩২) গত ১৪-০৬-২০২২ তারিখে লিখিতভাবে দ্বিতীয় কারণ-দর্শানোর জবাব দাখিল করলে জবাব ও তদন্ত প্রতিবেদনসহ অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনিক সকল বিষয়াদি বিবেচনা করে আনীত অসদাচরণের অভিযোগসমূহ প্রমাণিত হওয়া সত্ত্বেও চাকরিতে কিছুটা অপেক্ষাকৃত কনিষ্ঠ পর্যায়ের কর্মকর্তা বিবেচনায় নমীনয়তা প্রদর্শনপূর্বক তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুসারে ‘বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ’ করার লঘুদণ্ড প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, ডাঃ পলাশ সরকার, পিএএ, (গ্রেডেশন নং ১৬৩২), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ঝালকাঠি সদর, ঝালকাঠি (প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত ‘অসদাচরণ’ এর অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে ৩ (তিন) বছরের জন্য ‘বেতন গ্রেডের নিম্নতর ধাপে’ অর্থাৎ জাতীয় বেতনস্কেল, ২০১৫ (৬ষ্ঠ গ্রেড ৩৫,৫০০০—৬৭,০১০ টাকা) এ তার বর্তমান প্রাপ্য ধাপ ৪৭,৬০০ (সাতচল্লিশ হাজার ছয়শত) টাকার ধাপ হতে ৪১,১১০ (একচল্লিশ হাজার একশত দশ) টাকার ধাপে অবনমিত করা হলো; তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না বা দাবী করতে পারবেন না;

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী**
**সচিব।**

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ আগস্ট ২০২২/২৭ শ্রাবণ ১৪২৯

নং **৪৬.০০.০০০০.০৮৫.১১.০৫৩.২০১৮-৪৩৬**—পানি সরবরাহ ও পয়ঃসিস্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৬(১)(খ) ও ৬(৪) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব রেহানা পারভীন, অতিরিক্ত সচিব (ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ), অর্থ বিভাগ-কে অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে ঢাকা ওয়াসা বোর্ডের সদস্য পদে নিয়োগ প্রদান করা হলো। তিনি ঢাকা ওয়াসা বোর্ডের পূর্বতন সদস্য ড. ফারহিনা আহমেদ, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগের স্থলাভিষিক্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ.কে.এম সাইফুল আলম**
সিনিয়র সহকারী সচিব।

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**শ্রম ও কর্মসংস্থাপন মন্ত্রণালয়**

**সংস্থাপন-১ শাখা**

**আদেশ**

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/০৪ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৪০.০০.০০০০.০২০.৯৯.০০৫.১৯-৩৩৪**—আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২-০১-২০২২ তারিখের ০৫.০০.০০০০. ১৫৩. ১৫.০২৪.২১-০২ নং স্মারক এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, ব্যয় ব্যবস্থাপনা শাখা-৭-এর ১৬-০২-২০২২ তারিখের ০৭.১৫৭.০১৫.০৩.০১.০৩.৯৯(অংশ)-৪৯ নং স্মারক, বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক ০৮-০৩-২০২২ তারিখের ০৭.০০.০০০০. ১৬১.৪০.০০২.১৩-৬৯ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২৮-০৭-২০২২ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০০৮.২২-৯১ নং পত্রে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ/সম্মতির প্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের জন্য অফিস সহায়কের ৭৬ (ছিয়াত্তর) পদ সৃজনের সরকারি মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

**পদের বিবরণ:**

| ক্র/নং | পদের নাম ও জেলা কার্যালয়ের নাম | পদ সংখ্যা (টি) | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫) | বেতন নির্ধারণের শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিলের ক্রমিক নং ১১ দ্বারা পূরণযোগ্য। |
| ২. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, রাজশাহী | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ৩. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, সিলেট | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ৪. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, বরিশাল | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ৫. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুর | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ৬. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, কুমিল্লা | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ৭. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ৮. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, সিরাজগঞ্জ | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ৯. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ১০. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, দিনাজপুর | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ১১. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ১২. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ১৩. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, ময়মনসিংহ | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ১৪. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনা | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ১৫. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ১৬. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ১৭. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, মুন্সিগঞ্জ | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ১৮. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, নরসিংদী | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |
| ১৯. | অফিস সহায়ক<br>উপমহাপরিদর্শকের কার্যালয়, কিশোরগঞ্জ | ০৪ | টাঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | |

**শর্তাবলি:**

(ক) উল্লিখিত পদের ব্যয়ভার কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে। এ পদ সৃজনে প্রচলিত যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করা হয়েছে;

(খ) উপরের ছকের ৪নং কলামে নির্ধারণকৃত বেতনগ্রেড; ৫নং কলামে প্রদর্শিত নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী কার্যকর হবে;

(গ) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/ কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

(ঘ) মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ স্থায়ী/অস্থায়ী হিসাবে চিহ্নিতপূর্বক অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ঙ) স্থায়ী/অস্থায়ী পদ সৃজনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএন্ডএম ম্যানুয়েলের অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে;

(চ) যে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত নেই সে সকল পদ নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত করতে হবে;

(ছ) এতদ্‌সংক্রান্ত প্রযোজ্য সকল বিধি-বিধান অবশ্যই পালন করতে হবে।

**মোহাম্মদ আহম্মেদ আলী**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**আদেশ**

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/০৪ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৪০.০০.০০০০.০২০.৯৯.০০৫.১৯-৩৩৩**—আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮-১১-২০২১ তারিখের ০৫.০০.০০০০. ১৫৩. ১৫.০২৪.১৮-২১৯ নং স্মারক এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, ব্যয় ব্যবস্থাপনা শাখা-৭-এর ১৯-০৪-২০২২ তারিখের ০৭.১৫৭.০১৫.০৩.০১.০৩.৯৯(অংশ-২)-১০০ নং স্মারক, বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক ০৫-০৫-২০২২ তারিখের ০৭.০০.০০০০. ১৬১.৪০.০০২.১৩-১১৯ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ২৮-০৭-২০২২ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০০৮.২২-৯১ নং পত্রে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ/সম্মতির প্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত বিভিন্ন ক্যাটাগরির নিম্নবর্ণিত ১৬২ (একশত বাষট্টি) টি পদ সৃজন এবং একই সাথে নতুন ০৮টি উপমহাপরিদর্শকের কার্যালয় (গোপালগঞ্জ, মানিকগঞ্জ, ফেনী, ব্রাহ্মণবাড়ীয়া, কক্সবাজার, রাঙ্গামাটি, জামালপুর, নওগাঁ) নতুন অফিস স্থাপন/সৃজনের সরকারি মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

**পদের বিবরণ:**

**প্রধান কার্যালয় (ঢাকা):**

| ক্র/নং | পদ নাম | পদ সংখ্যা (টি) | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫) |
|---|---|---|---|
| ০১. | যুগ্ম মহাপরিদর্শক | ০১ | টাঃ ৪৩,০০০-৬৯,৮৫০ (গ্রেড-০৫) |
| ০২. | উপমহাপরিদর্শক | ০৫ | টাঃ ৩৫,৫০০-৬৭,০১০ (গ্রেড-০৬) |
| ০৩. | প্রোগ্রামার | ০১ | টাঃ ৩৫,৫০০-৬৭,০১০ (গ্রেড-০৬) |
| ০৪. | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ০৫ | টাঃ ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-০৯) |
| ০৫. | হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১ | টাঃ ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-০৯) |
| ০৬. | সহকারী প্রোগ্রামার | ০১ | টাঃ ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-০৯) |
| ০৭. | আইন কর্মকর্তা | ০১ | টাঃ ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-০৯) |
| ০৮. | সহকারী মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার | ০১ | টাঃ ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-০৯) |
| ০৯. | শ্রম পরিদর্শক (সাধারণ) | ০২ | টাঃ ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) |
| ১০. | শ্রম পরিদর্শক (সেইফটি) | ০৫ | টাঃ ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) |
| ১১. | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ০১ | টাঃ ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) |
| ১২. | স্টোর কিপার | ০১ | টাঃ ৯৩,০০-২২,৪৯০ (গ্রেড-১৬) |
| ১৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৪ | টাঃ ৯৩,০০-২২,৪৯০ (গ্রেড-১৬) |
| ১৪. | হিসাব সহকারী | ০১ | টাঃ ৯৩,০০-২২,৪৯০ (গ্রেড-১৬) |
| ১৫. | ডাটা এন্ট্রি অপারেটর | ০১ | টাঃ ৯৩,০০-২২,৪৯০ (গ্রেড-১৬) |
| ১৬. | অফিস সহায়ক | ০৪ | টাঃ ৮২,৫০-২০,০১০ (গ্রেড-২০) |
| | মোট= | ৩৫ | |

**এ ক্যাটাগরি:**

(i) উপমহাপরিদর্শকের কার্যালয় (ঢাকা):

| ক্র/নং | পদ নাম | পদ সংখ্যা (টি) | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫) |
|---|---|---|---|
| ১. | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ০১ | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-০৯) |
| ২. | শ্রম পরিদর্শক (সেইফটি) | ০২ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) |
| ৩. | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ০১ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) |
| | মোট: | ০৪ | |

(ii) উপমহাপরিদর্শকের কার্যালয় (চট্টগ্রাম):

| ক্র/নং | পদ নাম | পদ সংখ্যা (টি) | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫) |
|---|---|---|---|
| ১. | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ০১ | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-০৯) |
| ২. | শ্রম পরিদর্শক (সেইফটি) | ০২ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) |
| ৩. | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ০১ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) |
| | মোট: | ০৪ | |

(iii) উপমহাপরিদর্শকের কার্যালয় (গাজীপুর):

| ক্র/নং | পদ নাম | পদ সংখ্যা (টি) | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫) |
|---|---|---|---|
| ১. | শ্রম পরিদর্শক (সাধারণ) | ০৫ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) |
| ২. | শ্রম পরিদর্শক (সেইফটি) | ০২ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) |
| | মোট: | ০৭ | |

(iv) উপমহাপরিদর্শকের কার্যালয় (নারায়ণগঞ্জ):

| ক্র/নং | পদ নাম | পদ সংখ্যা (টি) | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫) |
|---|---|---|---|
| ১. | শ্রম পরিদর্শক (সাধারণ) | ০৫ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) |
| ২. | শ্রম পরিদর্শক (সেইফটি) | ০২ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) |
| ৩. | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ০১ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) |
| | মোট: | ০৮ | |

নতুন ০৮টি উপমহাপরিদর্শকের কার্যালয় (গোপালগঞ্জ, মানিকগঞ্জ, ফেনী, ব্রাহ্মণবাড়ীয়া, কক্সবাজার, রাঙ্গামাটি, জামালপুর, নওগাঁ):

| ক্র/নং | পদের নাম | পদ সংখ্যা (টি) | | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫) |
|---|---|---|---|---|
| | | প্রতি জেলা কার্যালয়ের জন্য | ০৮ জেলা কার্যালয়ের জন্য | |
| ১ | উপমহাপরিদর্শক | ০১ | ০৮ | টাঃ ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-০৬) |
| ২ | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ০১ | ০৮ | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-০৯) |
| ৩ | সহকারী মহাপরিদর্শক (সেইফটি) | ০১ | ০৮ | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-০৯) |
| ৪ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ০৪ | ৩২ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-০১০) |
| ৫ | শ্রম পরিদর্শক (সেইফটি) | ০১ | ০৮ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) |
| ৬ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ | ২৪ | টাঃ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) |
| ৭ | অফিস সহায়ক | ০২ | ১৬ | টাঃ ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) |
| | মোট= | | ১০৪ | |

২। উল্লিখিত পদের ব্যয়ভার কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে। এ পদ সৃজনে প্রচলিত যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করা হয়েছে;

৩। মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

৪। মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ স্থায়ী/অস্থায়ী হিসাবে চিহ্নিকপূর্বক অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

৫। স্থায়ী/অস্থায়ী পদসৃজনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএন্ডএম ম্যানুয়েলের অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে;

৬। যে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত নেই সে সকল পদ নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত করতে হবে;

৭। এতদসংক্রান্ত প্রযোজ্য সকল বিধি-বিধান অবশ্যই পালন করতে হবে।

**মোহাম্মদ আহম্মেদ আলী**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ/১৪ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৫৭.০০.০০০০.০৪৮.৯৯.০০৫.২২-৬২**—যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে "১০০ টি উপজেলায় ০১ (এক) টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন নিম্নোক্ত প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করে পার্শ্বে বর্ণিত নামে নামকরণ করা হ'ল:

| বর্তমান নাম | পরিবর্তিত নাম |
|---|---|
| মওলানা আসাদ আলী টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাধবপুর, হবিগঞ্জ। | বীর মুক্তিযোদ্ধা মৌলানা আছাদ আলী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাধবপুর, হবিগঞ্জ। |

**মুহাঃ মাছুম বিল্লাহ**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/১১ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭০.০২.০০৪.২০১৮.১০৯**—"সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারি আত্তীকরণ বিধিমালা-২০১৮"-এর আলোকে নিম্নবর্ণিত জেলা ও উপজেলাধীন ৩(তিন)টি কলেজ ০৮ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখ হতে সরকারি করা হলো:

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | মহাবিদ্যালয়ের নাম |
|---|---|---|---|
| ১. | হবিগঞ্জ | লাখাই | লাখাই মুক্তিযোদ্ধা ডিগ্রি কলেজ |
| ২. | পিরোজপুর | ইন্দুরকানী | ইন্দুরকানী ডিগ্রি কলেজ |
| ৩. | জয়পুরহাট | আক্কেলপুর | আক্কেলপুর মুজিবর রহমান কলেজ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রাশেদুল ইসলাম**
উপসচিব।